## সেপ্টেম্বর ২০২২মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২০.০৯.২০২২খ্রি.

সময় ঃ দুপুর ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

আগস্ট ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় আগস্ট ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে আগস্ট ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, চলতি মৌসুমে =১৭৪৪৫ হেক্টর জমিতে রোপা আমন ফসল রোপণের লক্ষ্যমাত্রা পাওয়া যায়। অদ্যাবধি শতভাগ অর্থাৎ ১৭৪৪৫ হেক্টর জমিতে রোপণ হয়েছে। লক্ষ্যমাত্রার চেয়ে এবার ধান এবং চাল বেশী অর্জিত হবে। মাঠের অবস্থা বিবেচনায় ধান ৭৭৫১৮ মেঃটঃ হতে ৭৮৮৯৪ মেঃটঃ-এ উন্নীত করার পরিকল্পনা রয়েছে। আমন মৌসুম শেষ। আগাম জাতের ধান কাটা অল্পদিনেই শুরু হবে। তারপর রবি মৌসুম শুরু হবে। এবার লক্ষ্যমাত্রা বাড়বে। আগাম সবজি উৎপাদন হচ্ছে। সারের কোন সংকট বা ঘাটতি নেই। মনিটরিং অব্যাহত রয়েছে। এবার পরিমিত ও সুষম সার ব্যবহার করায় মাঠের অবস্থা খুব ভাল। পোকা নেই বললেই চলে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সার বিক্রয়ে মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করে আরও জানান যে, আগামী ২৮.০৯.২০২২ হতে ০৩.১০.২০২২ পর্যন্ত যারা ১ম, ২য় ও ৩য় ডোজ টিকা গ্রহণ করেননি বা বাদ পড়েছেন তাদের টিকা দেয়া হবে। পৌরসভা বা ইউনিয়নে বসবাসকারীগণ যে যেখানে অবস্থান করেন তাদেরকে সেখানেই টিকা দেয়া হবে। এ ছাড়াও ৫ থেকে ১২ বছর বয়সী শিশুদের গ্রামে গ্রামে গিয়ে টিকা দেয়া হবে। সুরক্ষা অ্যাপসের মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করতে অবশ্যই জন্ম সনদ লাগবে। তিনি মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ১ম, ২য় ও ৩য় ডোজ টিকা গ্রহণ করেননি বা বাদ পড়েছেন এবং ৫ থেকে ১২ বছর বয়সী শিশুদের টিকা গ্রহণের লক্ষ্যে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সংকটের কারণে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে না। কম্পাউন্ডার পিআরএল-এ গেছেন তবুও তাকে দিয়ে কাজ করাতে হচ্ছে। মাত্র ৪ জন স্টাফ কর্মরত আছেন। ভেটেরিনারী সার্জন আসছেন। তাকেও সব ধরনের কাজ করতে হবে। এতে সেবা ব্যাহত হবে। সারা দেশে ৪৯২টি উপজেলায় প্রাণিসম্পদ অফিসার ও ভেটেরিনারী সার্জন মিলে পদায়ন করা হয়েছে। গাড়ি পাওয়া গেছে। কিন্তু গ্যারেজ নেই। তিনি উপজেলা পরিষদ থেকে গ্যারেজ করে দেয়ার জন্য অনুরোধ করেন। এতে গাড়িটি ভাল থাকবে। গাড়ি প্রদানের প্রতিপাদ্য- **"শেখ হাসিনার উপহার, প্রাণির পাশে ডাক্তার।"**<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও ভেটেরিনারী সার্জন ২ জনকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরও জানান যে, গত এক মাসে ৫৩৩১টি গবাদি প্রাণির এবং ১৩৪৯১টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। ১৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৭০ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৩৭টি। গবাদি প্রাণির টিকা প্রদান ২৩৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ২৫০০০ মাত্রা। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প এ মাসে ১টি হয়েছে এবং ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, লাম্পি স্কিন নিয়ন্ত্রণে থাকলেও এ ব্যাপারে সতর্ক থাকতে হবে। লাম্পিস্কিনে ১৬টি বাছুর মারা গেছে। এ রোগের কোন চিকিৎসা নেই। সতর্ক থাকতে হবে। পরিষ্কার পরিচ্ছন্ন থাকলে এ রোগ প্রতিরোধ করা সম্ভব।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর সভায় বলেন যে, শুধুমাত্র গোস্ত থেকে আমিষের ঘাটতি পূরণ করা সম্ভব নয় সে কারণে মাছ বা অন্যান্য প্রাণি থেকে আমিষের চাহিদা পূরণ করতে হবে। ফলে উদ্যোক্তা তৈরী করতে হবে। নিবন্ধিত খামারীর সংখ্যা কম। নিবন্ধন ফি বেশী হওয়ার কারণে নিবন্ধিত খামারীর সংখ্যা আশানুরুপ নাই। আদিবাসী জনগোষ্ঠীকে এর মাধ্যমে আয়ের ব্যবস্থা করতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লাম্পি স্কিন নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>৩. নিবন্ধন ফি সহনীয় পর্যায়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ নিবন্ধিত খামারের সংখ্যা বাড়ানোর উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মৎস্য খামারীদের সার ডিলারগণ সার না দেয়ার কারণে মৎস্য চাষে সমস্যা হচ্ছে। এ পর্যায়ে উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, পুকুরের জন্য সার বরাদ্দ নেই। সেকারণে ফ্রেস সার পাওয়া যাবে না তবে দলা সার নিতে পারবেন।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, মৎস্য খামারটি আধুনিকায়ন করার প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। মোল্লাপাড়া ব্রীজের নীচে সৃষ্ট গভীর অংশটি মৎস্য অভয়াশ্রম করার উদ্যোগ নেয়া যেতে পারে মর্মে তিনি উল্লেখ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার মৎস্য খামার আধুনিকায়ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মৎস্য চাষের জন্য সারের বরাদ্দ না থাকলে প্রয়োজনীয় সারের বরাদ্দ চেয়ে পত্র প্রদানের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>৩. মৎস্য খামার আধুনিকায়ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর।<br>৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর প্রতিনিধি ডেপুটি জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, শারদীয় দুর্গাপূজায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হবে। কোথাও কোন সমস্যা হলে জানানোর জন্য তিনি অনুরোধ করেন। দ্রুত সমস্যার সমাধান করার প্রত্যয় ব্যক্ত করেন। তবে তিনি সবাইকে ধৈর্য ধরার অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, ইউনিয়নে বিদ্যুৎ ছিল না কিন্তু বিষয়টি আগে জানানো হয়নি। বিদ্যুৎ থাকবে না বিষয়টি পূর্বে অবহিত করার জন্য তিনি অনুরোধ করেন। উল্লেখ্য ইতোপূর্বে কখন কোথায় বিদ্যুৎ থাকবে না তা উপজেলা নির্বাহী অফিসার হিসেবে তাকে জানানো হতো তিনি সামাজিক যোগাযোগ মাধ্যমে তা জানিয়ে দিতেন ফলে সবাই উপকৃত হত। এ ধারা অব্যাহত রাখার জন্য তিনি অনুরোধ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর জানান যে, তার বাড়ি বিরামপুর পৌরসভার ৩ নং ওয়ার্ডে। সেখানে প্রায়শঃ বিদ্যুৎ থাকে না। তিনি উক্ত লাইনে বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর পক্ষ থেকে পুনরায় অনুরোধ করা হয়।<br>৩. শারদীয় দুর্গা পূজা উপলক্ষ্যে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়।<br>৪. কখন কোথায় বিদ্যুৎ থাকবে না তা পূর্বেই উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৫. বিরামপুর পৌরসভার ৩ নং ওয়ার্ডে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর।<br>২. সরকারি কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।<br>৩. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>৪. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২<br>৫. জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরে ইউজিডিপি প্রকল্পের আওতায় বিরামপুর উপজেলাধীন "মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ" কাজটি উক্ত প্রকল্পের ঠিকাদার মেসার্স রাফাত এন্টারপ্রাইজ, সৈয়দপুর, নীলফামারী কর্তৃক সম্পন্ন হয়েছে এবং কাজের গুনগত মান ভাল। ঠিকাদার বিল চেয়ে আবেদন করায় উক্ত কাজের ১ম ও চূড়ান্ত বিল পরিশোধের নিমিত্ত বিলটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। বিলের বিবরণ নিম্নরূপঃ প্যাকেজ নং- INF-2019-20-552710-03, প্রাক্কলিত মূল্য=১২,১৯,৫১১.০০ (বার লক্ষ উনিশ হাজার পাঁচ শত এগারো) টাকা মাত্র, চুক্তি মূল্য=১০,০৭,৮৫৭.০০ (দশ লক্ষ সাত হাজার আটশত সাতান্ন) টাকা, ১ম ও চূড়ান্ত বিল=১০,০০,৮৫৭.০০ (দশ লক্ষ আটশত সাতান্ন) টাকা, ভ্যাট ও আয়করসহ =১০,০০,৮৫৭.০০ (দশ লক্ষ আটশত সাতান্ন) এবং ভ্যাট ও আয়ক বাদে =০৮,২০,৭০২.০০ (আট লক্ষ বিশহাজার সাতশত দুই) টাকা।<br>চেয়াম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বিনাইল ইউনিয়নের রাস্তাগুলোর বেহাল দশা। মেরামত করা না হলে আগামী বর্ষায় এ রাস্তাগুলোর অস্তিত্ব থাকবে না। তিনি রাস্তাগুলো মেরামতের উদ্যোগ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মেরামত কাজের জন্য পর্যাপ্ত বরাদ্দ পাওয়া গেছে। রাস্তাগুলো পর্যক্ষেন করে মেরামত/সংস্কারের ব্যবস্থা নেয়া হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. "মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহ" কাজের ১ম ও চূড়ান্ত বিল সভায় অনুমোদিত হয়।<br>৩. বিরামপুর উপজেলার মেরামতযোগ্য রাস্তাগুলো পর্যবেক্ষণ করে মেরামত/সংস্কারের করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা.হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (পিআরএলরত), BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ ও স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো আগষ্ট ও সেপ্টেম্বর/২২ মাসে পরিদর্শনের লক্ষ্যমাত্রা অর্জন করার পরও উপজেলা শিক্ষা অফিসার, ইন্সট্রাক্টর ইউআরসি ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পরিদর্শন অব্যাহত রেখেছেন। ২৫টি বিদ্যালয় এখনও পরিদর্শন করা হয়নি তবে শীঘ্রই পরিদর্শন করা হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২.বিদ্যালয়গুলো নিয়মিত মনিটরিং জোরদার করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়।<br>৩.সঠিক সময়ে শিক্ষকবৃন্দের শিক্ষা প্রতিষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪.বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | ১-৪. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, দুপুর ১২.০০ টা পর্যন্ত প্রধান শিক্ষকগণ বিদ্যালয়ে অনুপস্থিত ছিলেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর শিক্ষকবৃন্দ সাংবাদিকতা করতে পারবেন না এরুপ নীতিমালা/পরিপত্র এবং সাংবাদিকতা করেন এমন শিক্ষকের তালিকা দেয়ার জন্য গত সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলেও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার পরিপত্র ও তালিকা অদ্যাবধি দাখিল করেননি। তিনি চাহিদা মোতাবেক তথ্য দেয়ার জন্য অনুরোধ করেন।<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর আরও জানান যে, শিক্ষকদের বিষয়ে প্রতিবেদন পাঠাতে পারলেও তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার এখতিয়ার তার নেই। এছাড়াও শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম এবং মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। নতুন শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষকের তালিকা প্রস্তুত কার্যক্রম চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিদের নিয়ে সভা আহ্বান করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. **শিক্ষকবৃন্দ সাংবাদিকতা করতে পারবেন না এরুপ নীতিমালাসহ সাংবাদিকতা করেন এবুপ শিক্ষকের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে পুনরায় অনুরোধ করা হয়।**<br>৩. সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিদের নিয়ে সভা করা সিদ্ধান্ত গৃহীত হয়। ।<br><br>৪. উপজেলা নির্বাহী অফিসারের সাথে আলোচনা করে তারিখ নির্ধারণ করে সভা আহ্বানের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১-৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বিধবা কিন্তু পরে বিয়ে করেছেন এবং উপকারভোগী যারা ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন তাদের তালিকা দেয়ার জন্য তিনি পুনরায় অনুরোধ করেন। এ তালিকাগুলো পাওয়া গেলে তাদের বাদ দিয়ে অন্যরা সুযোগ পেতো। ফলে যোগ্যরা উপকৃত হতো। ২-৮ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পে-রোল পাঠাতে হবে। এ সময়ের আগে তথ্য না পাওয়া গেলে পূর্বেরটিই পাঠাতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. **২ দিনের মধ্যে চাহিত তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়।** | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br><br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৫<br>উপজেলা সমাজসেবা দপ্তর | তিনি আরও জানান যে, প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির জন্য Online এ আবেদনের সময় শেষ হয়েছে। অনেকেই বাদ পড়েছেন। সুযোগ দিলে তারা আবেদন করতে পারবে। ID কার্ড গ্রহণ করলে আবেদন করতে পারবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর বাদ পড়া প্রতিবন্ধীদের ID কার্ডগুলো প্রস্তুত করার জন্য অনুরোধ করেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কর্তৃক বিশেষ উদ্যোগ গ্রহণ করে Online এ আবেদন করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে তিনি অবহিত করেন। এ পর্যায়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ID কার্ড বিতরণের লক্ষ্যে তালিকাসহ কার্ড দিলে তারা বিতরণ করে দিবেন অথবা তালিকা দিলে তারা সংশ্লিষ্টদের উপজেলা সমাজসেবা কার্যালয় থেকে গ্রহণের উদ্যোগ নিবেন। | ৩. বাদ পড়া প্রতিবন্ধীদের ID কার্ডগুলো প্রস্তুত করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br><br>৪. ইউনিয়ন পরিষদ থেকে ID কার্ডগুলো বিতরণের লক্ষ্যে সকল কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br><br>৪. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, জনবল সংকটের কারণে দাপ্তরিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তবুও স্বাভাবিকভাবে কার্যক্রম পরিচালনার চেষ্টা চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আগামী ২৫ নভেম্বর হতে ১০ ডিসেম্বর ২০২২ পর্যন্ত নারীপক্ষ চলবে। এ সময়ে জয়িতা অন্বেষনের কার্যক্রম চলবে। তিনি প্রকৃত জয়িতা নির্বাচন করে তালিকা দেয়ার জন্য চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। আগামী ৩০ সেপ্টেম্বর ২০২২ কন্যা শিশু দিবস। তিনি সবাইকে আমন্ত্রণ জানান। তিনি আরও জানান যে, ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি নেই। কমিটি গঠন করে প্রতিমাসে সভার কার্যবিবরণী প্রেরণের জন্য তিনি চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানান। তিনি উল্লেখ করেন যে, বাল্য বিবাহ সংঘটিত হওয়ার ২ বছর পরও মামলা করা যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. যোগ্যদের জয়িতা হিসেবে নির্বাচিত করে তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩. ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ কমিটি গঠন করে প্রতিমাসে সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br><br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় আশানুরুপ সংখ্যক রেজিস্ট্রেশন হয়নি। তিনি রেজিস্ট্রেশন বাড়ানোর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুরকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শেখ রাসেল কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-৩.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের মধ্যে মাত্র ১টি বরাদ্দ পাওয়া গেছে।<br>তিনি আরও জানান যে, পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট ৯,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =৬৬২৪০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ৬৬২৪০০/- টাকা এবং আদায় হার শতকরা ১০০%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৬৭,৫৬,০০০/- টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৩২৪৬৭০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ২০৮২৭২২৭৬/- টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. যুব ক্লাবগুলোর তালিকা প্রদানের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২১ উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, জনবল সংকটের কারণে লক্ষমাত্রা কমে যাওয়ায় আজ থেকে ক্যাম্প শুরু করা হয়েছে। তিনি সন্তান জন্ম গ্রহণের ৪৫ দিনের মধ্যেই জন্ম নিবন্ধন করার অনুরোধ জানান। এ বিষয়ে তিনি চেয়াম্যান, ইউনিয়ন পরিষদ ও মেয়র, বিরামপুর পৌরসভার সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা এবং চেয়ারম্যান, সকল ইউপি। |
| আলোচনাঃ ২২ জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মন্দিরে পানির ব্যবস্থা করা হয়েছে এবং আশ্রয়ণ প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য একক গৃহে টিউবওয়েল বসানোর কাজ শুরু হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি জনাব পিয়াস ইবনে হাবিব সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৬ বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, পুকুরের কারণে শতবর্ষী বিরল গাছগুলো পড়ে যাচ্ছে। তিনি গাছটি রক্ষার্থে পুকুরটি বাঁধানোর জন্য অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা বরাবর আবেদন করার জন্য তাকে অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর এসএসসি পরীক্ষা, ২০২২ এ পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করায় সভায় আসতে পারেননি। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯ পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩০ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ আদায় কার্যক্রম চলমান রয়েছে। | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩১ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ডিজিটাল ডাটাবেজ তৈরীতে বিশেষ ভূমিকা রাখায় এবং খুচরা, পাইকারী ও আমদানীকারকদের বিরামপুর উপজেলা থেকে সর্বোচ্চ লাইসেন্স প্রদান করায় দিনাজপুর জেলার মধ্যে তিনি ১ম স্থান অর্জন করেন। তিনি এ ধারা অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ অর্জনে তাকে সভার পক্ষ থেকে শুভেচ্ছা জানানো হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর<br>২. সকল সদস্য। |
| আলোচনাঃ ৩২ তথ্য আপা প্রকল্প ২য় পর্যায় | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এখনও বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উঠান বৈঠক করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। তিনি আরও উল্লেখ করেন যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" এর আওতায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ, এসিস্টেন্ট প্রোগ্রামার, সি এ, উপজেলা পরিষদ এবং সি এ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (মোট ৬ জন) এর জন্য একটি অনলাইনে দক্ষতা মূল্যায়ন ব্যবস্থাপনা প্রশিক্ষণের আয়োজন করবে। প্রশিক্ষণটি আগামী মাস থেকে শুরু হবে। পরবর্তীতে প্রকল্প অফিস থেকে প্রশিক্ষণের তারিখ জানিয়ে দেয়া হবে।<br>তিনি আরও জানান যে, INF-2019-20-552710-04 নং প্রকল্প (মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ) সংক্রান্ত বিলটিও নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরন না করায় বিলটি অনুমোদন দেয়া যাবে না মর্মে জানিয়ে দেয়া হয়েছে। বিলগুলো দাখিলের সময়সীমা ছিল ৩০.০৪.২০২২ খ্রি. তারিখ। যথাসময়ে বিল দাখিল করতে না পারায় প্রকল্পটি বাতিল করায় এ উপজেলার ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে এবং পরবর্তীতে বরাদ্দ কমে যাওয়ায় উপজেলার উন্নয়ন ব্যাহত হবে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় উল্লেখ করেন যে, যার বা যাদের গাফলতির কারণে এ প্রকল্পটি বাতিল হলো তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে। যাতে ভবিষ্যতে এ ধরণের পরিস্থিতি এড়ানো যায়। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা বাস্তবায়নের জন্য পুনরায় অনুরোধ করা হলো। যাদের গাফলতির কারণে প্রকল্পটি বাতিল হলো এবং এ উপজেলার উন্নয়ন ব্যাহত হলো তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. যে প্রকল্পগুলোর কাজ এখনও সম্পন্ন হয়নি সেগুলোর কাজ দ্রুত শেষ করে বিল দাখিল করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হলো।<br>এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৪. অবশিষ্ট প্রকল্পগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়ন করে বিল প্রকল্প অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. Upazila Development Facilitator, বিরামপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>৪. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩৪<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি দুঃখের সাথে সভায় উল্লেখ করেন যে, ৩ নং ওয়ার্ডের গ্রাম পুলিশকে গ্রেফতারী পরোয়ানাবলে পুলিশ গ্রেফতার করেছে। তার অধীনস্ত একজন কর্মচারীকে গ্রেফতার করার আগে পুলিশ তাকে জানায়নি। উদ্যোক্তা কিস্তিতে সোলার নিয়েছিল কিন্তু সময়মত কিস্তি পরিশোধ করতে না পারায় সোলার কোম্পানী উদ্যোক্তার নামে মামলা করে। ঋণ খেলাপী হওয়ার কারণে তার নামে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয় এবং তাকে গ্রেফতার করা হয়। তিনি অনুরোধ করা সত্বেও পুলিশ কথা শোনেনি। এটি দুঃখজনক।<br>এ প্রেক্ষিতে জনাব হরিদাস, সাব-ইন্সপেক্টর, বিরামপুর থানা জানান যে, যখন কোন গ্রেফতারী পরোয়ানা তামিলের জন্য পাওয়া যায় তা তামিল করার তাগিদ থাকায় সেটি বাস্তবায়ন করা জরুরী হয়ে পড়ে। প্রতি শনিবার গ্রাম পুলিশদের থানা হাজিরা হয়। সেখানে তাদের সমস্যাগুলো জানানোর জন্য অনুরোধ করা হয়।কিন্তু এ বিষয়ে ভুক্তভোগী গ্রাম পুলিশ কোন তথ্য প্রদান করেননি। পরবর্তীতে এ বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য অফিসার ইনচার্জ, বিরামপুর থানা সকলকে নির্দেশনা প্রদান করেছেন।তিনি সবাইকে সতর্ক থেকে মাদক উৎখাতে ভূমিকা রাখার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>দিওড় ইউনিয়ন পরিষদ<br>বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাদকসেবী ও মাদক ব্যবসায়ীর তালিকা দিয়ে তিনি সহযোগিতা করেছেন অথচ অদ্যাবধি কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি।<br>এ প্রেক্ষিতে জনাব হরিদাস, সাব-ইন্সপেক্টর, বিরামপুর থানা কেউ কাউকে দোষারোপ না করে মাদক নির্মূলে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন। তিনি জানান যে, জরুরী প্রয়োজন ছাড়া যে কোন কারণে 999 এ ফোন করা হলে প্রকৃত প্রয়োজনের সময় তারা ফোন ধরবে না। এতে প্রকৃত সেবা প্রত্যাশী ক্ষতিগ্রস্থ হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. মাদক নির্মূলে সম্মিলিতভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান<br>বিনাইল ইউনিয়ন পরিষদ<br>বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে জনাব আঙ্গুরা পারভীন উপস্থিত রয়েছে এবং তিনি শুভেচ্ছা জানান। অপর ২ জন অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>মেয়র, বিরামপুর পৌরসভা | প্যানেল মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও বলেন যে, কোন সমস্যা থাকলে তিনি সমাধানের চেষ্টা করবেন।<br>এ প্রেক্ষিতে উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর জানান যে, পুরাতন বাজারে কারেন্ট জাল বিক্রয় হয়। কারেন্ট জাল ক্রয়-বিক্রয় বন্ধ করার জন্য তিনি অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে সহমত পোষন করে কারেন্ট জাল ক্রয়-বিক্রয় বন্ধে পৌরসভাকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।<br>এক সপ্তাহের মধ্যে ইজারাদারদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিবেন মর্মে প্যানেল মেয়র সভায় উল্লেখ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, শেখ রাসেল মিনি স্টেডিয়ামটি বাজারমুক্ত করা হলে মাঠটি নষ্ট হতো না। এ মাঠটিতে বিভিন্ন খেলা অনুষ্ঠিত হয়। এছাড়াও তিনি উপজেলা পরিষদের সেটেলমেন্ট অফিস হতে গেজেটেড কোয়াটার পর্যন্ত রাস্তাটি মেরামত করা অনুরোধ জানান। উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর জানান যে, নভেম্বর ও ডিসেম্বর মাসে প্রচুর সবজি উঠে বিকল্প মাঠ না দিয়ে উক্ত মাঠের বাজার বন্ধ করা হলে সবজি কৃষকগণ ক্ষতিগ্রস্থ হবে।<br>চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ প্যানেল মেয়রের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, পৌরসভা ঘোষণার পূর্বে এটি মুকুন্দপুর ইউনিয়ন পরিষদের সম্পদ ছিল। এটি হস্তান্তর হয়েছে কি-না এরুপ কোন তথ্য ইউনিয়ন পরিষদে নেই। কিন্তু মাঠ পর্চা পৌরসভার নামে হয়েছে এবং সেখানে পৌর মার্কেট আছে। এটি কিভাবে হলো জানা দরকার। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পুরাতন বাজারে কারেন্ট জাল ক্রয়-বিক্রয় বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়।<br>৩. বিকল্প বাজারের ব্যবস্থা করে শেখ রাসেল মিনি স্টেডিয়ামটি বাজারমুক্ত করার এবং উপজেলা পরিষদ চত্বরটি পরিস্কার পরিচ্ছন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভাকে অনুরোধ করা হয়।<br>৪. বিরামপুর পৌরসভা প্রতিষ্ঠাকালে বিরামপুর পৌরসভার সীমানা নির্ধারণ করা হয়েছে। সেখানে পৌর মার্কেটটি বিরামপুর পৌরসভার সীমানার মধ্যে পড়েছে কি-না বিষয়টি সুরাহা করার জন্য সীমানা নির্ধারণী গেজেট অবলোকন করে সিদ্ধান্ত গ্রহণের জন্য উভয়পক্ষকে অনুরোধ করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর।<br>২. চেয়ারম্যা, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪৪<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৫<br>ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ (মহিলা) | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ সভায় সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৬<br>বিবিধ | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, উপ-২ শাখার স্মারক নং-উপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪, তারিখঃ ১৫.০৮.২০০৭ খ্রি. পত্রে উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন/মালিকানাধীন বিভিন্ন স্থানে অবস্থিত মরা, ঝড়ে পড়া এবং বিনষ্টযোগ্য বিভিন্ন ধরণের গাছ নিলামের মাধ্যমে মাধ্যমে বিক্রয়ের প্রয়োজন হলে কর্তনযোগ্য কাঠের পরিমান ও সরকারি নিয়মে কাঠের সম্ভাব্য মূল্য নির্ধারণের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য গঠিত কমিটিতে ইউনিয়ন পরিষদের একজন চেয়ারম্যান উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটি কর্তৃক মনোনীত করার নির্দেশনা রয়েছে। সেপ্রেক্ষিত বিরামপুর উপজেলার প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য নির্ধারিত স্থানের বিভিন্ন প্রজাতির সর্বমোট ৬৭টি গাছ নিলামের মাধ্যমে বিক্রয় সংক্রান্ত কমিটিতে জনাব মোঃ রহমত আলী, চেয়ারম্যান, ৭ নং পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের নাম প্রস্তাব করা হয়। | ১. উপজেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন বা মালিকানাধীন গাছ নিলামের মাধ্যমে বিক্রয় সংক্রান্ত কমিটিতে জনাব মোঃ রহমত আলী, চেয়ারম্যান, ৭ নং পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরকে মনোনয়ন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| | **২. <u>প্রকল্পের নামঃ</u> নন-গেজেটেড কোয়াটার নং-ঘ-৩, ৪ এবং খ-২ ক্ষুদ্র রোমত/সংস্কার প্রকল্প।**<br>**এতে সম্ভাব্য ব্যয় হবে =২,০০,০০০/- টাকা।**<br>**<u>প্রকল্প কমিটিঃ</u>**<br>১. মোঃ আঃ রাজ্জাক মন্ডল, চেয়ারম্যান,জোতবানী- প্রকল্প সভাপতি<br>২. মোছাঃআরিফুন্না, সদস্যা, দিওড় ইউপি- প্রকল্প সেক্রেটারি<br>৩. মোঃ আজগর আলী, সদস্য, দিওড়- সদস্য<br>৪. মোঃ নয়ন মিয়া, সদস্য, বিনাইল ইউপি- সদস্য<br>৫. মোঃ মাসুম রেজা, সদস্য, জোতবানী ইউপি- সদস্য<br>সংস্কার/মেরামত কাজগুলো দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদনের জন্য তিনি প্রস্তাব করেন। | ২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর কর্তৃক উপস্থাপিত প্রস্তাবগুলো সভায় অনুমোদিত হয় এবং প্রস্তাবিত PIC এর মাধ্যমে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ২. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

৪৭. উপজেলা পরিষদের নিয়োক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**<u>আগস্ট/২০২২ মাসের ব্যয়</u>**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =8৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের আগস্ট/২০২২ মাসের ২৮ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। (১৫,৪০০+১৫,৪০০)=৩০,৮০০/- টাকা | =৩০,৮০০/- |
| ০৪ | আগস্ট/২০২২আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | আগস্ট/২০২২আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | জুন হতে আগস্ট, ২০২২ পর্যন্ত ৩ (তিন) মাসের বিদ্যুৎ বিল পরিশোধ বাবদ প্রদান | =৮১,৬৮৭/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি সভায় উল্লেখ করেন যে, আমি প্রায় প্রতিটি সভায় বলে এসেছি সকলের সম্মিলিত প্রচেষ্টায় উন্নয়নমূলক কাজ করা সম্ভব। কিন্তু এটির প্রকৃত বাস্তবায়ন হচ্ছে না ফলে বিরামপুরের উন্নয়ন ব্যাহত হচ্ছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী একে অপরের পরিপূরক। এ তিনজনের একজনের অসহযোগিতার কারণে কাজ স্থবির হয়ে পড়বে। বিরামপুরের উন্নয়নের জন্য মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ সার্বিক সহযোগিতা করে থাকেন। দুঃখের সাথে বলতে হচ্ছে সময়মত বরাদ্দ মোতাবেক প্রকল্প বাস্তবায়ন না করায় এ উপজেলার ভাবমুর্তি ক্ষুন্ন হয়েছে এবং পরবর্তীতে আশানুরুপ বরাদ্দ পাওয়া যাবে না। এর ফলে বিরামপুরের উন্নয়ন ব্যাহত হবে। উপজেলা প্রকৌশল দপ্তর, বিরামপুরের কারণে INF-2019-20-552710-04 নং প্রকল্পে মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ সংক্রান্ত বিলটি নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরন না করায় বিলটি অনুমোদন দেয়া হয়নি। ফলে বরাদ্দকৃত ১০,০০,০০০/-(দশলক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়ন হলো না এবং শিক্ষার্থীরা বঞ্চিত হলো। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) এর বরাদ্দ প্রাপ্তির ক্ষেত্রে উপজেলা মূল্যায়নের ভিত্তিতে প্রাপ্ত নম্বরের উপর নির্ভর করে। তিনি পরবর্তীতে এ ধরনের ঘটনা যাতে না ঘটে সে ব্যাপারে সর্তক থাকার জন্য সবাইকে অনুরোধ জানান।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20/9/22

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

তারিখঃ ১৭.১০.২০২২ খ্রি.

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২২.১৩১৪/১(৫০)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..............................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা.........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব .............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

১৭.১০.২২

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd



ASMA - Bibith